শাহরুখপুত্র আরিয়ানের দেহরক্ষী হতে আবেদনপত্রের হিড়িক

ছেলের জন্য দেহরক্ষী নিয়োগের পরিকল্পনা করেছেন বলিউড বাদশাহ শাহরুখ খান।

শাহরুখ চাইছেন, যেকোনও বিপদের মুখে দেওয়াল হয়ে কেউ দাঁড়ান আরিয়ানের সামনে, আগলে রাখুন তাকে। খবর আনন্দবাজার পত্রিকার।

এ খবর জানাজানি হতেই ডজন ডজন আবেদন পত্র জমা পড়েছে বাদশার প্রযোজনা সংস্থা ‘রেড চিলিজ এন্টারটেইনমেন্ট’-এর দফতরে।

বহু নিরাপত্তা সংস্থা এবং ব্যক্তিগত দেহরক্ষীরা যোগাযোগ করা শুরু করেছেন শাহরুখ খানের সহকর্মীদের সঙ্গে।

মাদক মামলায় মাসেকখানি জেলে কাটিয়ে গত মাসের শেষের দিকে বাড়ি ফিরেছেন ২৪ বছরের তারকা সন্তান। শনিবার আরিয়ানের জন্মদিন।

ছেলের এই বিশেষ দিনটি উদ্যাপনের অপেক্ষায় ছিলেন আরিয়ানের বাবা-মা শাহরুখ এবং গৌরী খান। দিন কয়েক পর ‘পাঠান’ ছবির শ্যুটিংয়ের জন্য স্পেনে উড়ে যাবেন কিং খান।

শহর ছাড়ার আগে ছেলেকে বিশ্বস্ত কারও সুরক্ষায় রেখে যেতে চাইছেন তিনি।

নামাজ পড়তে বাধা, ‘বোমাবাজ’ বলে ডাকা হতো ক্রিকেটারকে

ফের বর্ণবাদ বিতর্কে উত্তাল ইংলিশ ক্রিকেটাঙ্গন। সম্প্রতি পাকিস্তানি বংশোদ্ভূত মুসলিম ক্রিকেটার আজিম রফিকের বর্ণবাদের অভিযোগে বিবিসির রেডিও শো থেকে বিতাড়িত হয়েছেন ইংল্যান্ডের সাবেক অধিনায়ক মাইকেল ভন। একই অভিযোগে পদত্যাগ করেছেন কাউন্টি

দল ইয়র্কশায়ারের চেয়ারম্যান রজার হাটন।

সেই ঘটনা নিয়ে যখন ইংলিশ ক্রিকেটে তোলপাড় চলছে, তখন বর্ণবাদ আচরণের আরও এক গুরুতর অভিযোগ নিয়ে হাজির এসেক্সের সাবেক মুসলিম ক্রিকেটার জোহেব শরিফ।

৯/১১ ঘটনার পর দিন থেকে তাকে ‘বোমাবাজ’ বলে ডাকা হতো বলে অভিযোগ করেছেন শরিফ। তাকে হেয় করতে ‘কারি মাঞ্চার’ সম্বোধন করতেন সতীর্থরা। এ ছাড়া স্বস্তিতে নামাজ পড়তেও বাধা দেওয়া হতো তাকে।

ইংলিশ কাউন্টি ক্রিকেটে আজিম রফিকের বর্ণবাদের অভিযোগের বিষয়ে কথা বলতে গিয়ে সম্প্রতি ব্রিটিশ ট্যাবলয়েড দ্য মিররকে নিজের তিক্ত অভিজ্ঞতার কথা জানান জোহেব শরিফ।

এক সাক্ষাৎকারে পাকিস্তানি বংশোদ্ভূত শরিফ বলেন, ‘রফিকের সঙ্গে আমার অভিজ্ঞতায় অনেক মিল খুঁজে পাচ্ছি। যা হচ্ছে, তাতে রফিক খুব ভালোভাবে সবার নজরে এনেছেন। সেপ্টেম্বরের ১১ তারিখে যুক্তরাষ্ট্রের টুইন টাওয়ার ও পেন্টাগনে সন্ত্রাসী হামলার পর দিন আমি অনুশীলন করতে মাঠে যাই। সেদিনই আমার এসেক্সের সতীর্থরা আমাকে বোমাবাজ বলে ডাকা শুরু করেন। শুধু তাই নয়, তখন কারি মাঞ্চার বলে ডাকার বিষয়টিও ওদের কাছে অনেক স্বাভাবিক ছিল। তারা ঠাট্টা-মশকরা করে আমাকে বোমাবাজ বললেও আমার কাছে বিষয়টি বর্ণবাদ আচরণই মনে হয়েছে। সেই সময় আমি কিছু বলিনি। তরুণ সদস্য ছিলাম। ওই সময়ে আপনি এমন কিছু করতে চাইবেন না, যাতে মূল দলে যাওয়ার সুযোগ বাধাগ্রস্ত হয়।’

শুধু কটাক্ষেই নয়, ধর্মীয় আচার-রীতি পালনেই বাধা পেতেন বলে জানান জোহেব শরিফ। তাকে নামাজ পড়ার সুযোগ দেওয়া হতো না বলে অভিযোগ করেন তিনি।

৩৮ বছর বয়সি এ সাবেক ক্রিকেটার বলেন, ‘মুসলিম হিসেবে নামাজ পড়ার জন্য মাঠের এক কোনা বেছে নিতাম। সেখানে আমাকে নামাজ পড়তে দেওয়া হতো না। এক সিনিয়র খেলোয়াড় বলতেন, এভাবে নামাজ পড়লে দেখতে খারাপ লাগে। তাই আমি গাড়ির মধ্যেই নামাজ পড়তাম।’

পূর্ব লন্ডনের লেটনস্টোনে জন্ম শরীফের। তার বাবা-মা পাকিস্তানের। আট বছর বয়স থেকে এসেক্সের হয়ে খেলা শুরু করেন শরীফ। মূল দলের হয়ে ২০০১ সালে অভিষেক হয় তার।

এসেক্সের দ্বিতীয় দলে ২০০৪ সালে ১০১ গড়ে রান করেছেন। ২০ উইকেট শিকার করেন। এমন দুর্দান্ত অলরাউন্ডিং পারফরম্যান্সের পরও মূল দলের হয়ে মাত্র চার ম্যাচ খেলার সুযোগ পেয়েছিলেন শরীফ।

ভারতে এ বছর পদ্ম জিতলেন যে ৮ মুসলিম

নানা ক্ষেত্রে অবদান রাখায় চলতি বছর ভারতের পদ্ম পুরস্কার জিতেছেন অন্তত ১১৯ জন গুণী ব্যক্তি। গত ৯ নভেম্বর দেশটির রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ প্রাপকদের হাতে এ পুরস্কার তুলে দেন।

১১৯ জনের মধ্যে ৭ জন পদ্মবিভূষণ, ১০ জন পদ্মভূষণ এবং ১০২ জন পদ্মশ্রী পুরস্কার পেয়েছেন। পুরস্কারপ্রাপ্ত ১১৯ জনের মধ্যে ছিলেন ৮ জন মুসলিম।

প্রথমজন মাওলানা ওয়াহিদুদ্দিন খান, যিনি চলতি বছরের এপ্রিলে মারা যান। ভারতরত্নের পর দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার পদ্মবিভূষণে ভূষিত হয়েছেন তিনি। মাওলানা ওয়াহিদুদ্দিন খানসহ এ ক্যাটাগরিতে পুরস্কার জিতেছেন মোট ৭ জন।

এরপরেই আছেন শিয়া পণ্ডিত মরহুম মাওলানা কালবে সাদিক। তিনি পেয়েছেন ভারতের তৃতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার পদ্মভূষণ। সর্বমোট ১০ জন এ ক্যাটাগরিতে বিজয়ী হয়েছেন।

এছাড়া বাকি ১০২ জন পেয়েছেন পদ্মশ্রী পুরস্কার। এ তালিকায় ৬ জন মুসলিমের নামও আছে।

তারা হলেন- আলি মানিকফান, গুলফাম আহমেদ, লাখা খান ও গোলাম রাসুল এবং আমাদের বাংলাদেশের দুইজন সানজিদা খাতুন ও কর্নেল কাজী সাজ্জাদ আলি জহির।

আলি মানিকফানকে লাক্ষাদ্বীপে তৃণমূল পর্যায়ের উদ্ভাবনে অবদানের জন্য পুরস্কৃত করা হয়েছে। তিনি বহুপ্রতিভাসম্পন্ন সমুদ্র গবেষক, পরিবেশবিদ, জাহাজ নির্মাতা ও কৃষিবিদ।

গুলফাম আহমেদ ভারতের উত্তর প্রদেশের বাসিন্দা। তিনি শিল্পোন্নয়ে অবদান রেখেছেন। লাখা খানও শিল্পে অবদান রাখায় পদ্মশ্রী পেয়েছেন। তিনি রাজস্থানের স্থানীয় একজন সংগীতশিল্পী।

গোলাম রাসুল কাশ্মীরের একজন হস্তশিল্পী। পদ্মশ্রী পাওয়ার আগে তিনি টেক্সটাইলের জন্য জাতীয় পুরস্কার জেতেন।

আর বাংলাদেশের দুইজন- সনজীদা খাতুন পদ্মশ্রী পুরস্কার পেয়েছেন শিল্পকলায় এবং কর্নেল কাজী সাজ্জাদ আলি জহির ‘পাবলিক অ্যাফেয়ার্স’-এর ক্ষেত্রে এই সম্মাননা পান।

পদত্যাগ করলেন সুইডেনের প্রধানমন্ত্রী

সুইডেনের প্রধানমন্ত্রী স্টিফান লোফভেন আনুষ্ঠানিকভাবে পদত্যাগ করেছেন। বুধবার দেশটির স্পিকার আন্দ্রিয়াস নোরলেনের কাছে পদত্যাগ পত্র জমা দেন তিনি।

আল জাজিরার খবরে বলা হয়, স্টিফান লোফভেন পদত্যাগ করায় ভাগ্য খুলতে যাচ্ছে অর্থমন্ত্রী ম্যাগডালেনা অ্যান্ডারসনের। সব ঠিক থাকলে তিনিই হতে পারেন সুইডেনের ইতিহাসের প্রথম নারী প্রধানমন্ত্রী।

২০২২ সালের সেপ্টেম্বরে সুইডেনের জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। ৬৪ বছর বয়সী লোফভেন ২০১৪ সালে ক্ষমতায় আসেন। এর আগে আট বছর তিনি বিরোধী দলে ছিলেন।

পদত্যাগ করায় প্রধানমন্ত্রী নির্বাচন নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা করবেন দেশটির স্পিকার আন্দ্রিয়াস নোরলেন। তবে নতুন প্রধানমন্ত্রী নির্বাচিত না হওয়া পর্যন্ত লোফভেনই দেশটির তত্ত্বাবধায়ক সরকারের নেতৃত্ব দেবেন।

রয়টার্স জানিয়েছে, অর্থমন্ত্রী ম্যাগডালেনা অ্যান্ডারসন যদি পার্লামেন্টের অনুমোদন জিততে পারেন, তাহলে দেশটির প্রথম নারী

প্রধানমন্ত্রী হওয়ার পথ খুলে যাবে তার।

মিয়ানমারে মার্কিন সাংবাদিকের বিরুদ্ধে সন্ত্রাসবাদের অভিযোগ

মিয়ানমারে আটক মার্কিন সাংবাদিক ড্যানি ফেনস্টারের বিরুদ্ধে নতুন করে সন্ত্রাসবাদে জড়িত থাকার ও সরকার উৎখাত চেষ্টায় ভিন্নমত উসকে দেওয়ার অভিযোগ আনা হয়েছে।

ড্যানি ফেনস্টারের আইনজীবী থান জাও অং বুধবার সাংবাদিকদের এ কথা জানিয়েছেন। খবর আলজাজিরার।

নতুন এ দুটি অভিযোগ ফেনস্টারকে মুক্ত করতে যুক্তরাষ্ট্রের প্রচেষ্টায় বড় ধরনের ধাক্কা দিল।

৩৭ বছর বয়সি ফেনস্টার ছিলেন ফ্রন্টিয়ার মিয়ানমারের ব্যবস্থাপনা সম্পাদক। এ বছরের মে মাসে মিয়ানমার ছাড়ার ফ্লাইটে উঠতে গিয়ে ইয়াঙ্গুন আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আটক হন তিনি।

দোষী সাব্যস্ত হলে সন্ত্রাসবাদ আইনে তার সর্বোচ্চ ২০ এবং সরকার উৎখাতচেষ্টার দায়ে আরও ২০ বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে।

ইয়াঙ্গুনের কুখ্যাত ইনসেইন কারাগারে বন্দি ফেনস্টারকে ছাড়াতে যুক্তরাষ্ট্র মিয়ানমারের সামরিক জান্তার ওপর ধারাবাহিক চাপ দিয়ে যাচ্ছে।

মিয়ানমারের কর্তৃপক্ষ সম্প্রতি গণমাধ্যমকর্মীসহ সামরিক জান্তার বিরুদ্ধে বিক্ষোভকারী কয়েকশ বন্দিকে মুক্তি দিলেও সেই তালিকায় ফেনস্টারের নাম ছিল না।

চলতি বছরের ১ ফেব্রুয়ারি অভ্যুত্থানের পর মিয়ানমারের সামরিক বাহিনী একাধিক গণমাধ্যমের নিবন্ধন বাতিল করেছে, ইন্টারনেট ও

স্যাটেলাইট সম্প্রচারে বিধিনিষেধ দিয়েছে, কয়েক ডজন সাংবাদিককে আটক করেছে। এসবের মাধ্যমে সামরিক জান্তা সত্যকে চেপে রাখতে চাইছে বলে অভিযোগ মানবাধিকার সংস্থাগুলোর।

মৃত্যুর আগে শেষ পোস্টে যা বলেছিলেন মডেল

মৃত্যুর আগে ভারতীয় মডেল আনসি কবীরের দেওয়া শেষ ইনস্টাগ্রাম পোস্ট ভাইরাল হয়েছে। গত ১ নভেম্বর সড়ক দুর্ঘটনায় প্রাণ হারান আনসি। ওই দিন ইনস্টাগ্রামে নিজের একটি ভিডিও পোস্ট করেছিলেন আনসি। ক্যাপশনে লিখেছিলেন, এবার যাওয়ার সময় হলো।

এদিকে, আনসির মর্মান্তিক মৃত্যুর পর তার ওই পোস্ট নেটদুনিয়ায় ভাইরাল হয়েছে। ফলোয়াররা ওই পোস্টের সঙ্গে তার মৃত্যুর বিষয়টির সম্পৃক্ততা খুঁজে পেয়েছেন। এক নেটিজেন লিখেছেন, উনি হয়তো আগে থেকেই আঁচ করতে পেরেছিলেন।

ওই দুর্ঘটনায় আনসির সঙ্গে নিহত হয়েছেন অঞ্জনা শাহজাহান নামে আরেক মডেল। এ বছরই মিস সাউথ ইন্ডিয়ার শিরোপা আনসি।

২০১৯ সালে মিস কেরালাও শিরোপাও জিতে নিয়েছিলেন তিনি। ওই বছরই মিস কেরালা প্রতিযোগিতায় রানার আপ হয়েছিলেন অঞ্জনা শাহজাহান। সোমবার কোচিতে একটি ফটো শ্যুটের কাজ সেরে ফেরার পথে দুর্ঘটনায় মৃত্যু হয় তাদের।

আফগানদের ভরসা এখন বাইসাইকেল

আফগানিস্তানের রাজধানী কাবুলে সম্প্রতি অসহনীয় পর্যায়ে পৌঁছেছে জ্বালানির দাম। ফলে রাজধানীর বহু মানুষ দৈনন্দিন যাতায়াতের জন্য

গেছে।

জলবায়ু সম্মেলনে ঢুকতে পারেননি ইসরাইলি মন্ত্রী

স্কটল্যান্ডের গ্লাসগো শহরে চলছে কপ-২৬ শীর্ষ জলবায়ু সম্মেলন। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন, পোপ ফ্রান্সিসসহ বিশ্বের বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান ও বিভিন্ন সংস্থার ২৫ হাজারের বেশি সদস্যের অংশগ্রহণে এ সম্মেলন শুরু হয়।

জলবায়ু সম্মেলনে অংশ নিতে গ্লাসগোর সম্মেলনস্থলে পৌঁছালেও সেখানে ঢুকতে পারেননি ইসরাইলের একজন মন্ত্রী।

বিবিসি জানিয়েছে, সোমবার (১ নভেম্বর) কারিন এলহারার নামে ওই মন্ত্রীকে সম্মেলনস্থল থেকে ফিরে যেতে হয়। কারণ হিসেবে বলা হয়েছে- হুইলচেয়ারে বসে জলবায়ু সম্মেলনে প্রবেশের কোনো সুযোগ নেই।

জলবায়ু সম্মেলনে প্রবেশ করতে না পেরে ইসরাইলি এ মন্ত্রী সামাজিক যোগাযোগমাধ্যম টুইটারে বলেছেন, এটি খুবই দুঃখের বিষয় যে, নিজেদের আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান ও সম্মেলনে (হুইলচেয়ারে করে) প্রবেশের সুযোগ রাখে না জাতিসংঘ।

এই ঘটনায় বেশ ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখিয়েছে ইহুদিবাদী রাষ্ট্র ইসরাইল। দেশটির প্রধানমন্ত্রী নাফতালি বেনেটের নেতৃত্বে জলবায়ু সম্মেলনে অংশ নেওয়া প্রতিনিধি দলের এক কর্মকর্তা জানিয়েছেন, বিষয়টি নিয়ে আনুষ্ঠানিকভাবে আয়োজকদের কাছে অভিযোগ করবেন তারা।

ওই কর্মকর্তা আরও জানান, ইসরাইলি প্রধানমন্ত্রী নাফতালি বেনেট বলেছেন- কারিন এলহারারকে প্রবেশের সুযোগ করে দেওয়া না হলে মঙ্গলবার জলবায়ু সম্মেলনে অংশ নেবেন না তিনি।

সোমবার শুরু হয় কপ-২৬ সম্মেলনের দ্বিতীয় দিনের প্লেনারি সেশন তথা প্রথমপর্বের অনুষ্ঠান। শেষ হবে মঙ্গলবার সন্ধ্যায়। একে একে

বক্তব্য দেবেন সবাই। জলবায়ু পরিবর্তনে ধ্বংসের কিনারে দাঁড়িয়ে থাকা পৃথিবী বাঁচানোর শেষ চেষ্টায় জড়ো হয়েছেন বিশ্বনেতারা।

কপ-২৬ কী, কেন গুরুত্বপূর্ণ

দীর্ঘ দিন ধরে ফসিল ফুয়েল বা কয়লা বা তেলের মতো জীবাশ্ম জ্বালানি পোড়ানোর ফলে যে পরিমাণ ক্ষতিকারক গ্যাস পরিবেশে ছড়িয়েছে-তার প্রভাবে পৃথিবীর উষ্ণতা বেড়েই চলেছে। আর এর পরিণতিতে আবহাওয়া দিনে দিনে হয়ে উঠছে চরমভাবাপন্ন। তাপমাত্রা বাড়ছে, জঙ্গলে আগুন লাগছে, বেড়ে যাচ্ছে বন্যা এবং ঘূর্ণিঝড়ের মতো দুর্যোগ। এই পরিবর্তনের গতি প্রতিরোধে জরুরি ভিত্তিতে প্রয়োজেন ঐক্যবদ্ধ উদ্যোগ। যার প্রধান লক্ষ্য

থাকবে উষ্ণায়ন হ্রাস। পৃথিবী রক্ষার এই গুরুত্বপূর্ণ পদক্ষেপই নেবে এবারের কপ-২৬ সম্মেলন। পরিবেশে কার্বন নিঃসরণ কমাতে ২০৩০ সাল পর্যন্ত বিশ্বের ২০০টি দেশের কর্ম-পরিকল্পনা নির্ধারণেই স্কটল্যান্ডের গ্লাসগোতে শুরু হয়েছে কপ-২৬।

কপ-২৬ কী : কপ-কনফারেন্স অব দ্য পার্টিজ। ১৯৯২ সালে এ সম্মেলনের প্রস্তাব করে জাতিসংঘ। ১৯৯৫ সালে প্রথম সম্মেলন হয় বার্লিনে। আন্তর্জাতিক এ গোষ্ঠীর ২৬তম আসর হচ্ছে এবার। ইউনাইটেড নেশনস ফ্রেমওয়ার্ক কনভেনশন অন ক্লাইমেট চেঞ্জ (ইউএনএফসিসিসি) আয়োজিত কপ-২৬ অনুষ্ঠিত হওয়ার কথা ছিল গত বছরের ৯ থেকে ১৯ নভেম্বর, গ্লাসগোতেই। কিন্তু সে বছরের ২৮ মে কপ ব্যুরো ওই তারিখ পিছিয়ে এ বছরের ১ থেকে ১২ নভেম্বর নির্ধারণ করা হয়। অবশেষে সেটি শুরু হলো ৩১ অক্টোবর, নির্ধারিত তারিখের এক দিন আগেই।

কী চাইতে পারে আয়োজক ব্রিটেন : কপ-২৬ এর প্রেসিডেন্ট ব্রিটেনের সাবেক মন্ত্রী অলোক শর্মা। গত ৮ জানুয়ারি তাকে এই দায়িত্ব দেওয়া হয়। আয়োজক দেশ হিসাবে ব্রিটেন চাইবে ২০৩০ সালের মধ্যে কার্বন নিঃসরণ উল্লেখযোগ্য মাত্রায় কমাতে এবং ২০৫০ সালের মধ্যে শূন্য নির্গমনের জন্য পুরো দেশ যেন নতুন করে অঙ্গীকার করে। তা ছাড়া, কয়লাভিত্তিক বিদ্যুৎ, পেট্রলকার এবং পরিবেশ রক্ষায় দেশগুলোর কাছ থেকে সুনির্দিষ্ট অঙ্গীকার আশা করবে আয়োজক ব্রিটেন।

কী নিয়ে উত্তপ্ত হতে পারে সম্মেলন : ভুক্তভোগী দেশগুলোর এ দাবি নিয়ে

প্রচুর তর্কবিতর্ক হতে পারে সম্মেলনে। ২০০৯ সালে ধনী দেশগুলো প্রতিশ্রুতি দিয়েছিল জলবায়ু সংকট মোকাবিলায় তাদের কর্মকাণ্ডের কারণে ক্ষতিগ্রস্ত উন্নয়নশীল দেশগুলোকে ১০ হাজার কোটি ডলার ক্ষতিপূরণ দেবে। কিন্তু সেই প্রতিশ্রুতির আশপাশে নেই তারা। তোপের মুখে থাকতে পারে জি-২০ ভুক্ত দেশগুলোর কয়েকটি। বিশেষ করে চীন। কারণ এই দেশটিই জলবায়ু সংকট সৃষ্টির জন্য ৮০ শতাংশ দায়ী। চাপের মুখে জীবাশ্ম জ্বালানি ওপর নির্ভরতা কমাতে কতটা নমনীয়তা দেখাবে সেটাই এখন দেখার বিষয়। এ ক্ষেত্রে উন্নত দেশগুলোর কারণে জলবায়ু সংবটে পড়া উন্নয়নশীল দেশগুলোর দাবি করা ক্ষতিপূরণ আদায়ের স্পষ্ট নির্দেশনা আশা করতে পারে দেশগুলো।

আসবে নতুন নতুন ঘোষণা : সম্মেলনে অংশগ্রহণকারী বেশির ভাগ দেশেরই লক্ষ্য যখন কার্বন নিঃসরণ, তখন এ বিষয়ে সংশ্লিষ্ট দেশগুলোর নেওয়া পরিকল্পনাগুলোই বলে দেবে তারা সঠিক পথে আছে কিনা। ১২ দিনব্যাপী এ সম্মেলন থেকে নতুন নতুন ঘোষণা আসতে পারে বলে ধারণা করা হচ্ছে। এ ক্ষেত্রে প্যারিস জলবায়ু চুক্তির অগ্রগতি বিষয়েও আসতে পারে অন্য কোনো নির্দেশনা। জলবায়ু পরামর্শক ও কর্মীদের নানা প্রস্তাবনা অংশগ্রহণকারী দেশগুলোর জন্য নীতিমালায় সংশ্লিষ্ট করার পরামর্শ কিংবা নির্দেশনাও থাকতে পারে।

যেমন, জীবাশ্ম জ্বালানি পরিহারে বৈদ্যুতিক গাড়ি এবং জ্বালানিবিহীন যানের (সাইকেল) ব্যাপক ব্যবহার নিশ্চিতকরণ, কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদন ও ব্যবহার থেকে সরে আসা, সবুজায়ন তথা বনায়ন বৃদ্ধির তাগিদ, উপকূলীয় মানুষ, সম্পদ ও জীববৈচিত্র্য সংরক্ষণে জোরালো পদক্ষেপ গ্রহণ।

ফেসবুকের নাম পরিবর্তন, নতুন

নাম ‘মেটা’

ফেসবুকের কর্পোরেট কোম্পানির নাম পরিবর্তন করা হয়েছে, নতুন নাম রাখা হয়েছে ‘মেটা’। অপরিবর্তিত থাকবে ফেসবুকের অধীনে থাকা সব অ্যাপগুলোর নাম।

বৃহস্পতিবার ফেসবুকের বার্ষিক কনফারেন্সে এ ঘোষণা দেন ফেসবুকের প্রতিষ্ঠাতা মার্ক জাকারবার্গ।
ঘোষণায় তিনি বলেন, আমরা বিশ্বাস করি ইন্টারনেটের উত্তরসূরী হতে যাচ্ছে মেটাভার্স। এতে ভবিষ্যৎ বদলে যাবে ইন্টারনেটের।

মূল প্রতিষ্ঠান হিসেবে মেটার অধীনে থাকবে ফেসবুক, ইন্সটাগ্রাম এবং হোয়াটসঅ্যাপ। ‘মেটাভার্স বা পরাবাস্তব জগৎ’ প্রকল্পের অংশ হিসেবেই প্রতিষ্ঠানটির এ ভবিষ্যৎ পরিকল্পনা বলে জানান ফেসবুক প্রতিষ্ঠাতা জার্কারবার্গ।

এ ব্যাপারে, সামাজিক যোগাযোগ মাধ্যমটির বিস্তারিত পরিকল্পনাও তুলে ধরা হয়। ‘মেটাভার্স’ গড়তে পাঁচ কোটি ডলার বিনিয়োগের ঘোষণাও দেয়া হয়।

এই বদলের ফলে ফেসবুকসহ এর অন্যান্য সেবার নাম অবশ্য বদলে যাবে না। ইন্সটাগ্রাম, হোয়াটসঅ্যাপ, মেসেঞ্জারের মতো সেবার নাম আগের মতোই থাকবে। ‘মেটা’ হবে মূলত এর প্যারেন্ট কোম্পানি।

ছয় বছর আগে গুগল যেভাবে মাদার কোম্পানি অ্যালফাবেট তৈরি করেছিল, ফেসবুকের নতুন ব্র্যান্ডিংয়ের ক্ষেত্রেও একই মডেল অনুসরণ করা হচ্ছে।